



সীমান্ত হত্যা বন্ধ না হলে নীরব থাকবে না বাংলাদেশ: হুমায়ুন কবির



পররাষ্ট্র উপদেষ্টা হুমায়ুন কবির। ছবি: সংগৃহীত

প্রধানমন্ত্রীর পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা এম হুমায়ুন কবির বলেছেন, সীমান্তে কাঁটাতারের বেড়া নির্মাণে বাংলাদেশ ভীত নয়। একইসঙ্গে সীমান্তে হত্যাকাণ্ড অব্যাহত থাকলে বাংলাদেশ নীরব থাকবে না বলেও কঠোর বার্তা দিয়েছেন তিনি।

সোমবার সন্ধ্যায় পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি বলেন, জাতীয় স্বার্থ ও সার্বভৌমত্বের প্রশ্নে বাংলাদেশ প্রয়োজনীয় অবস্থান নেবে। তার ভাষায়, “বাংলাদেশ কাঁটাতারের বেড়াকে ভয় পায় না। যেখানে কথা বলা প্রয়োজন, সেখানে অবশ্যই কথা বলবে।”

ভারত-বাংলাদেশ সীমান্তে নিরাপত্তা ও মানবিক পরিস্থিতি নিয়ে কথা বলতে গিয়ে হুমায়ুন কবির বলেন, দুই দেশের জনগণের মধ্যে সুসম্পর্ক আরও শক্তিশালী করতে হলে সীমান্ত ব্যবস্থাপনায় মানবিক দৃষ্টিভঙ্গি জরুরি। বিশেষ করে সীমান্ত হত্যা বন্ধে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ করেন তিনি।

পশ্চিমবঙ্গ সরকার সীমান্তে বেড়া নির্মাণের জন্য বিএসএফের কাছে জমি হস্তান্তরের প্রক্রিয়া শুরু করেছে—নতুন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর এমন বক্তব্যের প্রতিক্রিয়ায় তিনি বলেন, রাজনৈতিক বক্তব্য ও রাষ্ট্র পরিচালনা এক বিষয় নয়। পশ্চিমবঙ্গের নতুন সরকার তাদের নির্বাচনি অবস্থান বাস্তব নীতিতে কতটা রূপ দেয়, বাংলাদেশ সেটি পর্যবেক্ষণ করবে।

তিনি আরও বলেন, বাংলাদেশ ভারতের অভ্যন্তরীণ রাজনীতিতে জড়াতে চায় না। দুই দেশের সম্পর্ক মূলত কেন্দ্রীয় সরকারের পর্যায়েই পরিচালিত হয় বলেও উল্লেখ করেন তিনি।